গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
www.dghs.gov.bd

জরুরি
সীমিত

নম্বর: ৪৫.০১.০০০০.০২৯.০৫.০০১.১৮.৫

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৫
০৩ জুলাই ২০১৮

প্রজ্ঞাপন

'চৌগাছা-ঝিনাইদহ জনসম্পৃক্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা মডেল' দেশের সকল জেলা-উপজেলা হাসপাতালে বাস্তবায়ন বিষয়ক

স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য অবদানের জন্য চৌগাছা উপজেলা হাসপাতাল ও ঝিনাইদহ সদর হাসপাতাল বিগত কয়েক বছরে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসেবে বেশ কয়েকবার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় প্রবর্তিত মাননীয় স্বাস্থ্যমন্ত্রী জাতীয় পুরস্কার পেয়েছে। এই দুইটি হাসপাতালে জনগণকে সম্পৃক্ত করে নেতৃত্ব, প্রশাসনিক স্বচ্ছতা, মানসম্পন্ন স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য সেবা দানকারীদের সুরক্ষা এবং স্থানীয়ভাবে তহবিল ও সহায়তা সংগ্রহ করে স্বাস্থ্য ব্যবস্থাপনা পরিচালনা করা হচ্ছে। ইতোমধ্যে অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর নেতৃত্বে একটি জাতীয় কমিটি গঠন করা হয়েছে ও জাতীয় পরামর্শক নিয়োগ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহোদয়ের দিকনির্দেশনায় উক্ত 'চৌগাছা-ঝিনাইদহ জনসম্পৃক্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা মডেল' দেশের সকল উপজেলা ও জেলা পর্যায়ের সরকারী হাসপাতালে বাস্তবায়নের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

- দেশের সকল উপজেলা ও জেলা পর্যায়ের হাসপাতালে একযোগে এই মডেল বাস্তবায়নের কাজ শুরু হবে।
- সংশ্লিষ্ট হাসপাতালের প্রধানগণ সংযুক্ত নির্দেশিকা মোতাবেক 'চৌগাছা-ঝিনাইদহ জনসম্পৃক্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা মডেল' বাস্তবায়ন সহায়ক কমিটি গঠন সহ অন্যান্য কার্যাবলী সম্পন্ন করবেন।
- লাইন ডাইরেক্টর-সিবিএইচসি, লাইন ডাইরেক্টর-হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট ও অন্যান্য পরিচালক/লাইন ডাইরেক্টর বৃন্দ প্রয়োজন মাফিক এই মডেল বাস্তবায়নে যথাসাধ্য সহযোগিতা প্রদান করবেন।
- এ প্রকল্প বাস্তবায়নে সরকার অগ্রাধিকার ভিত্তিতে সহায়তা করতে এগিয়ে আসবে।

এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

সংযুক্ত নির্দেশিকা অনুসরণ করে 'চৌগাছা-ঝিনাইদহ জনসম্পৃক্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা মডেল' বাস্তবায়ন শুরু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

...

৩-৭-২০১৮

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
ইমেইল:
adgadmin@ld.dghs.gov.bd

# 'চৌগাছা- ঝিনাইদহ জনসম্পৃক্ত স্বাস্থ্য ব্যবস্থাপনা মডেল' বাস্তবায়ন নির্দেশিকা

কর্মপরিকল্পনাঃ

১। মতবিনিময় সভা আয়োজন/অবহিতকরণ/এডভোকেসি মিটিং-

সিভিল সার্জন অত্র উপজেলা/ জেলার জনপ্রতিনিধি সহ সকল শ্রেণী- পেশার জনগণকে সম্পৃক্ত করে একটি মতবিনিময়/ অবহিতকরন সভা আয়োজন করে এবং চৌগাছা- ঝিনাইদহ জনসম্পৃক্ত মডেল স্বাস্থ্য সেবা বিষয়ে অবহিত করবেন এবং সেই আলোকে অত্র উপজেলা/জেলা হাসপাতালে কিভাবে জনসম্পৃক্ততার মাধ্যমে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন সম্ভব সে বিষয়ে খোলামেলা মতবিনিময় করবেন।

২। সভায় লক্ষ্য ও উদ্দেশ্য বিশ্লেষণ

ক) কার্যক্রম বাস্তবায়নে পারস্পরিক আলোচনা
খ) কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণের প্রতিশ্রুতি ঘোষণা ও পদক্ষেপ নেয়া
গ) বিরাজমান অবস্থা ও সমস্যা বিবেচনা করে পরিকল্পনা গ্রহণ
ঘ) জনসম্পৃক্ততার ক্ষেত্রসমূহ নির্ধারণ। যেমনঃ সহায়তা কমিটি গঠন, হাসপাতালের কর্মপরিবেশ রক্ষা, রোগী ও স্বজনদের জন্য তথ্যকেন্দ্র স্থাপন, জরুরী তহবিল সংগ্রহ।

৩। জনগোষ্ঠী সহায়তা কমিটি গঠন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কর্তৃক প্রণীত অফিস আদেশ স্মারক নং- স্বাপকম/হেলথ- ইকন/HF- Pi l ot / ৫৫৮/২০১১/অংশ- ১/২০১২/৭০৯/৮২৪ এবং স্মারক নং- স্বাপকম/হেলথ- ইকন/HF- Pi l ot / ৫৫৮/২০১১/অংশ- ১/২০১২/৭০৯ তারিখ- ০৫/১২/২০১৬ অনুযায়ী যথাক্রমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও জেলা সদর হাসপাতালে মানসম্মত চিকিৎসা কার্যক্রম পরিচালনা ও উন্নয়নের লক্ষ্যে 'চিকিৎসা ব্যবস্থাপনা কমিউনিটি সাপোর্ট কমিটি' গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় । উক্ত আদেশের আলোকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা সদর হাসপাতালে জনগোষ্ঠী সহায়তা কমিটি গঠন করতে হবে। এর কাঠামো হবে নিম্নরূপঃ

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স

| | | |
|---|---|---|
| ১ | পৌরসভা মেয়র | সভাপতি |
| ২ | আসনের মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি | সদস্য |
| ২ | উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি | সদস্য |
| ৩ | উপজেলা নির্বাহী অফিসার (UNO) এর প্রতিনিধি | সদস্য |
| ৪ | থানার প্রতিনিধি | সদস্য |
| ৫ | প্রেস ক্লাবের প্রতিনিধি | সদস্য |
| ৬ | NGO এর প্রতিনিধি | সদস্য |
| ৭ | সুশীল সমাজের প্রতিনিধি (UNO | সদস্য |

অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ঘ) চিকিৎসা সেবার চাহিদা পূরণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারী বরাদ্দের পাশাপাশি স্থানীয় দাতা ও হিতৈষী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট করা, তাদের সহায়তায় একটি কমিউনিটি সাপোর্ট তহবিল গঠন এবং এ বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তহবিল পরিচালনা।

ঙ) চিকিৎসা সেবার চাহিদা পূরণে সমস্যা চিহ্নিত করা এবং স্থানীয়ভাবে তা সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহন।

চ) হাসপাতালে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের সেবা প্রদান কাজে উৎসাহ প্রদান এবং দায়িত্ব পালনে গঠনমূলক পরামর্শ প্রদান।

ছ) সভাপতির অনুমতিক্রমে সদস্য সংখ্যা প্রয়োজনে বৃদ্ধি বা হ্রাস করা যাবে।

জ) কমিটি কাজের সুবিধার জন্য প্রয়োজনে উপ- কমিটি গঠন ও পরিচালনা করতে পারবে।

৫) <u>মনিটরিং ও রিপোর্টিং</u>

ক) কমিটি মাসে এক বা একাধিক সভা আয়োজন করে কার্যক্রমের গতিপ্রকৃতি পর্যবেক্ষণ ও পরবর্তী নির্দেশনা প্রদান করবে।

খ) কমিটি প্রয়োজনবোধে উর্ধতন কর্তৃপক্ষের সহযোগিতা নেবে এবং কার্যক্রমের প্রতিবেদন হালনাগাদ করবে।

নাসিমা সুলতানা ০৬।০৭।১৮

(অধ্যাপক ডা. নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর
ও
চেয়ারপারসন
চৌগাছা- ঝিনাইদহ মডেল বাস্তবায়ন কমিটি